# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬১৮৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৪৪৪]

৪৫। সাহাবা (রাযিঃ) গণের ফজিলত [মর্যাদা] (كتاب فضائل الصحابة رضى الله تعالى عنهم)

পরিচ্ছেদঃ ১৩. আয়িশা (রাযিঃ) এর ফযীলত

باب فِي فَضْلِ عَائِشَةَ رضى الله تعالى عنها

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ، فِيمَا قُرِئَ عَلَيْهِ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ عَبَّادِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ، عَنْ عَائِشَةَ، أَنَّهَا أَخْبَرَتْهُ أَنَّهَا، سَمِعَتْ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ قَبْلَ أَنْ يَمُوتَ وَهُوَ مُسْنِدٌ إِلَى صَدْرِهَا وَأَصْغَتْ إِلَيْهِ وَهُوَ يَقُولُ " اللَّهُمَّ اغْفِرْ لِي وَارْحَمْنِي وَأَلْحِقْنِي بِالرَّفِيقِ " .

বাংলা

৬১৮৭-(৮৫/২৪৪৪) কুতাইবাহ ইবনু সাঈদ (রহঃ) ..... আয়িশাহ (রাযিঃ) হতে বর্ণিত। তিনি মৃত্যুর আগমুহূর্তে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছেন, তিনি তার বুকে হেলান দেয়া অবস্থায় ছিলেন, আর তিনিও (আয়িশাহ) তার দিকে কান পেতে রেখেছিলেন; তিনি বললেন, হে আল্লাহ! তুমি আমাকে মাফ করো, রহম করো এবং আমাকে আমার বন্ধুর সঙ্গে শামিল করো। (ইসলামিক ফাউন্ডেশন ৬০৭৪, ইসলামিক সেন্টার ৬১১২)

## English

A'isha reported that Allah's Messenger (ﷺ) at the time of breathing his last was reclining against her chest and she was leaning over him and listening to him as he was saying:
O Allah, grant me pardon, show mercy to me, enjoin me to companions (on High).

হাদিসের শিক্ষা

প্রাসঙ্গিক আলোচনা

হতে পারে (الرَّفِيْقِ الْأَعْلَى) কথা দ্বারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম সেটা বুঝিয়েছেন, যা সূরা আন-নিসার উনসত্তরতম আয়াতে এসেছে, যাতে বলা হয়েছে, “যাদের ওপর আল্লাহ তাঁর নি'আমত প্রদান করেছেন, নবীগণ, সিদ্দীকগণ, শহীদগণ এবং সালেহগণ"। অথবা হতে পারে আল্লাহ তা'আলাই উদ্দেশ্য। অর্থাৎ তিনি আল্লাহর সাথে সাক্ষাৎকে প্রাধান্য দিচ্ছেন।

হাদীসের শিক্ষা

১. কাঁচা গাছের ডাল দিয়েও মিসওয়াক করা যাবে।

২. মিসওয়াককে উপযোগী করে নেয়াতে সমস্যা নেই।

৩. অন্যের মিসওয়াক যদি পরিচ্ছন্ন করা হয় ও পরিষ্কার করে নেয়া হয়, তবে তা দিয়ে মিসওয়াক করাতে দোষ নেই; এর মাধ্যমে মিসওয়াকের গুরুত্ব প্রকাশ পেল। তবে ক্ষতির আশঙ্কা থাকলে তা করা যাবে না।

৪. ইশারা-ইঙ্গিতে যা বুঝা যাবে তা অনুসারে কাজ করা জায়েয। বিশেষ করে যখন কথা বলার মতো অবস্থা থাকবে না।

৫. নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক মিসওয়াকের প্রতি ঐকান্তিক ভালোবাসা।

৬. নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের দৃঢ় মনোবল ও বিপদাপদে সহিষ্ণুতা এতই উঁচু পর্যায়ের ছিল যে, মৃত্যুর কষ্টের সময়েও তিনি মিসওয়াক ও দো'আর কথা ভুলেননি।

৭. মহান আল্লাহ সকল সৃষ্টির উপরে রয়েছেন এটার প্রমাণ।

৮. আয়েশা রাদ্বিয়াল্লাহু 'আনহার ফযীলত ও শ্রেষ্ঠত্ব। নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের সাথে তার সুন্দর ভালোবাসার জীবন; যার প্রমাণ হচ্ছে তাঁরই দিনে, তাঁরই ঘরে রাসূলের মৃত্যু হওয়া এবং তাঁরই ঘাড় ও গলদেশের মধ্যে তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামকে শেষ পর্যন্ত ধারণ করে রাখা।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=53286

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন